# Matured Technology

প্রতিষ্ঠানঃ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

প্রযুক্তি উদ্ভাবনের সালঃ ২০১৯-২০২০

| | |
|---|---|
| প্রযুক্তির নাম | তোষা পাটের (ও-৯৮৯৭) বীজ উৎপাদনের জন্য উপযুক্ত বপন সময় নির্ণয় |
| প্রযুক্তির বৈশিষ্ট্য | - ১৫ আগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে বীজ বপন করলে অধিক পরিমান ও ভাল মানের তোষা পাট বীজ উৎপাদন করা যায়।<br>- এ সময়ের পর তোষা পাটের বীজ বপন করলে ফলন ও বীজের মান খারাপ হতে থাকে। |
| প্রযুক্তির উপযোগিতা | - উঁচু ও মাঝারি উঁচু জমিতে তোষা পাটবীজ চাষের জন্য এই প্রযুক্তি বেশ উপযোগী।<br>- এঁটেল ও এঁটেল দোআঁশ, ক্ষারীয় মাটিতে ও-৯৮৯৭ জাতের তোষা পাট বীজ উৎপাদনের জন্য এ প্রযুক্তি উপযোগী।<br>- উঁচু গঙ্গা নদী প্লাবনীয় অঞ্চলের ( এইজেড-৯) জন্য এ প্রযুক্তি বেশ উপযোগী।<br>- বীজ বপনের সময় যে এলাকায় দিনের গড় তাপমাত্রা প্রায় ৩০ ডিগ্রী সেলসিয়াস, রাতের গড় তাপমাত্রা প্রায় ২৫ ডিগ্রী সেলসিয়াস এবং মাসে গড়ে প্রায় ২২ দিন বৃষ্টি হয় সেই এলাকায় জন্য এই প্রযুক্তি বেশ উপযুক্ত। |
| মাঠ পর্যায়ের তথ্য | - প্রায় ৭০ থেকে ৮৫ দিনে গড় পুষ্পায়ন, ৮০ থেকে ৯৫ দিনে গড় ফলায়ন ও ১৪০-১৫০ দিনে ফলের পরিপক্কতা লক্ষ্য করা যায়।<br>- প্রায় ২০-৩৫ টি পড/ গাছ, ১৭৫-২১০ টি বীজ/পড ও ৭৫০-৮৫০ কেজি বীজ/হেক্টর লক্ষ্য করা যায়।<br>- বীজে শতকরা প্রায় ৮৭-৯১ পর্যন্ত অঙ্কুরোদগম ক্ষমতা ও শতকরা প্রায় ৮২-৮৫ স্বাভাবিক চারা উৎপাদন ক্ষমতা পরিলক্ষিত হয়। |
| প্রযুক্তি হতে প্রাপ্তি | পূর্বে কৃষক তোষা পাটবীজ উৎপাদনের জন্য বিভিন্ন সময়ে বীজ বপন করত, এতে করে অনেক সময় বীজের মান ও ফলন কম হত।<br>১৫ আগষ্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে বীজ বপন করলে অধিক ফলন ও ভাল মানের বীজ পাওয়া যায়। ১ সেপ্টেম্বরের পরে বীজ বপন করলে ফলনের পরিমাণ ও প্রাপ্ত বীজের গুনগত মান খারাপ হতে থাকে। |





উপযুক্ত বপন সময়ে তোষা পাটের (ও-৯৮৯৭) বীজ উৎপাদন